# AKASHVANI(Kolkata)

## Regional News Unit

**Date: 01-01-2026** **Time: 1-30 PM**

**বিশেষ বিশেষ খবর –**

১/ কেন্দ্রীয় সরকার কর্মীদের মজুরি, সামাজিক নিরাপত্তা, পেশাগত সুরক্ষা সংক্রান্ত চারটি নতুন শ্রম কোডের খসড়া বিজ্ঞপ্তি প্রকাশ করে জনসাধারণ এবং সংশ্লিষ্ট পক্ষগুলির মতামত চেয়েছে।
২/ ক্রীড়া প্রশাসন আইন-২০২৫, আজ থেকে আংশিকভাবে কার্যকর হয়েছে।

৩/ রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু বলেছেন, কৃত্রিম বুদ্ধিমত্তা শুধু একটি প্রযুক্তি নয়, বরং এটি দেশকে এগিয়ে নিয়ে যাওয়ার একটি সুযোগ।

৪/ কেন্দ্র জানিয়েছে, পরিবহন ক্ষেত্রে উৎপাদন ভিত্তিক উৎসাহ ভাতা-পিএলআই প্রকল্প এপর্যন্ত ৩৫ হাজার ৬৫৭ কোটি টাকার লগ্নি এনেছে।

৫/ রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু, উপরাষ্ট্রপতি সিপি রাধাকৃষ্ণণ এবং প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী ২০২৬ সালের নববর্ষ উপলক্ষে দেশবাসীকে শুভেচ্ছা ও অভিনন্দন জানিয়েছেন। #শুভেচ্ছা জানিয়েছেন লোকসভার অধ্যক্ষ ওম বিড়লা।
৬/ পার্থ বিমানবন্দরের কাছে ভয়াবহ দাবানলের জেরে অস্ট্রেলীয় কর্তৃপক্ষ জরুরি সতর্কতা জারি করেছে।

*************************************************************************

কেন্দ্রীয় সরকার চারটি নতুন শ্রম কোডের খসড়া নিয়মাবলী সংক্রান্ত বিজ্ঞপ্তি প্রকাশ করেছে। এই কোড গুলি হল, মজুরি কোড, ২০১৯, শিল্প সম্পর্কিত কোড, ২০২০, সামাজিক নিরাপত্তা কোড, ২০২০ এবং পেশাগত সুরক্ষা, স্বাস্থ্য ও কর্ম পরিবেশ কোড-২০২০। এই বিজ্ঞপ্তিতে শ্রমিক, মজুরি, কর্মসংস্থানের ধরন, গ্র্যাচুইটি, বোনাস এবং গিগ কর্মীসহ শ্রমিকদের সামাজিক নিরাপত্তার সংজ্ঞা ব্যাখ্যা করা হয়েছে। সরকার এই বিষয়ে জনসাধারণ এবং সংশ্লিষ্ট সব পক্ষের মতামত চেয়েছে। আগামী ৪৫ দিন খসড়া নিয়ামবলির ক্ষেত্রে যে কোন রকমের আপত্তি বা পরামর্শ পাঠানো যাবে।
উল্লেখ্য, বেশ কয়েক দশক পুরোনো শ্রম আইনগুলিকে আরও সহজ ও সুসংহত করার উদ্দেশ্যে শ্রম মন্ত্রক গত বছরের ২১শে নভেম্বর এই চারটি নতুন শ্রম কোড কার্যকর করার ঘোষণা করেছিল।

*************************************************************************

জাতীয় ক্রীড়া প্রশাসন আইন- ২০২৫, আজ থেকে আংশিকভাবে কার্যকর হয়েছে। ক্রীড়া মন্ত্রক জানিয়েছে, কেন্দ্র এই আইনের নির্বাচিত কিছু বিধান কার্যকর করার বিজ্ঞপ্তি জারি করেছে। এই আইনের লক্ষ্য ক্রীড়া প্রশাসনে স্বচ্ছতা, দায়বদ্ধতা, নৈতিকতা এবং সুশাসনের সঙ্গে সঙ্গে ক্রীড়াবিদদের কল্যাণ নিশ্চিত করা। মন্ত্রক জানিয়েছে, যে সকল সংস্থান কার্যকর করা হচ্ছে, সেগুলি জাতীয় অলিম্পিক কমিটি, জাতীয় প্যারা অলিম্পিক কমিটি, জাতীয় ক্রীড়া ফেডারেশন এবং আঞ্চলিক ক্রীড়া ফেডারেশনসহ জাতীয় ক্রীড়া সংস্থাগুলির প্রতিষ্ঠা ও পরিচালন কাঠামোর সঙ্গে সম্পর্কিত।

*********************************************************************

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি বলেছেন, প্রগতি প্ল্যাটফর্মের মাধ্যমে গত ১০ বছরে ৮৫ লক্ষ কোটি টাকারও বেশি প্রকল্প দ্রুত কার্যকর হয়েছে। নতুন দিল্লিতে গতকাল প্রগতি'র ৫০তম বৈঠকের সভাপতিত্ব করেন। প্রগতি হলো তথ্যপ্রযুক্তি-নির্ভর বহু-মাধ্যম এক প্ল্যাটফর্ম, যা সুশাসন ও সময়মতো প্রকল্প বাস্তবায়নের জন্য গড়ে তোলা হয়েছে। বৈঠকে প্রধানমন্ত্রী সড়ক, রেল, বিদ্যুৎ, জলসম্পদ এবং কয়লা খাতের পাঁচটি গুরুত্বপূর্ণ অবকাঠামো প্রকল্প পর্যালোচনা করেন। পাঁচটি রাজ্যে বিস্তৃত এই প্রকল্পগুলোর জন্য মোট ব্যয় ৪০ হাজার কোটি টাকার বেশি। তিনি জোর দিয়ে বলেন, সংস্কারের গতি বজায় রাখা এবং সঠিকভাবে বাস্তবায়ন নিশ্চিত করতে প্রগতি অপরিহার্য। প্রধানমন্ত্রী, রাজ্যগুলিকে মুখ্য সচিবদের নেতৃত্বে সামাজিক খাতে প্রগতি-র মতো ব্যবস্থা চালু করার প্রস্তাব দিয়েছেন। তিনি আরও বলেন, দীর্ঘদিন ধরে বকেয়া থাকা প্রকল্পগুলো জাতীয় স্বার্থে সম্পন্ন করা হয়েছে। প্রধানমন্ত্রী সব রাজ্যের মুখ্য সচিবদের পিএম শ্রী প্রকল্প ঘনিষ্ঠভাবে তদারকি করেন।

*********************************************************************

২০২৫ এ কেন্দ্রীয় সরকার দেশের উন্নয়নে যে পদক্ষেপ গুলি নিয়েছে তার মধ্যে অন্যতম হল নতুন প্রজন্মনকে ব্যবসা করতে আগ্রহী করে তোলার প্রয়াস।

(একটি প্রতিবেদন-কাশফিন)

*********************************************************************

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু বলেছেন, কৃত্রিম বুদ্ধিমত্তা শুধুমাত্র একটি প্রযুক্তি নয়, বরং দেশেকে এগিয়ে নিয়ে যাওয়ার সুযোগ। রাষ্ট্রপতি ভবনে আজ 'স্কিলিং ফর এআই রেডিনেস- SOAR' কর্মসূচির অধীনে একটি বিশেষ অনুষ্ঠানে তিনি বলেন, বিভিন্ন ক্ষেত্রে কৃত্রিম বুদ্ধিমত্তার গুরুত্ব দ্রুত বৃদ্ধি পাচ্ছে। এই প্রযুক্তি শেখা প্রত্যেকের জন্য অপরিহার্য হয়ে উঠেছে বলে মন্তব্য করেন তিনি।

অনুষ্ঠান চলাকালীন রাষ্ট্রপতি, প্রশিক্ষণরত শিক্ষার্থী এবং সাংসদদের হাতে এআই সার্টিফিকেট তুলে দেন। তিনি 'স্কিল দ্য নেশন চ্যালেঞ্জ' নামের একটি জাতীয় সচেতনতা অভিযানের সুচনাও করেন। রাষ্ট্রপতি নতুন প্রযুক্তি ব্যবহার করে দৃষ্টান্ত স্থাপনের জন্য সাংসদদের প্রশংসা করেন।

( বাইট- রাষ্ট্রপতি )

*********************************************************************

কেন্দ্রীয় সরকার জানিয়েছে, পরিবহণ ক্ষেত্রে উৎপাদন-ভিত্তিক উৎসাহভাতা (PLI) প্রকল্পে এখনও পর্যন্ত মোট ৩৫ হাজার ৬ শো ৫৭ কোটি টাকার লগ্নি এনেছে।

উন্নত যানবাহন প্রযুক্তি পণ্যে দেশের উৎপাদন ক্ষমতা বাড়ানোর লক্ষ্যে এই প্রকল্প চালু করা হয়েছে। ২০২৩-২৪ থেকে ২০২৭-২৮ অর্থবছর পর্যন্ত এই প্রকল্পের জন্য বরাদ্দ করা হয়েছে প্রায় ২৬ হাজার কোটি টাকা।

ভারী শিল্প মন্ত্রক জানিয়েছে, এই প্রকল্পের অধীনে মোট দশ লক্ষেরও বেশি বৈদ্যুতিক দুই-চাকা যান এবং দুই লক্ষ ৩৮ হাজারেরও বেশি বৈদ্যুতিক তিন-চাকা যানের জন্য উৎসাহভাতা প্রদান করা হয়েছে। প্রায় ৮০ হাজার বৈদ্যুতিক চার-চাকা যান এবং এক হাজারেরও বেশি বৈদ্যুতিক বাস এই ভাতা পেয়েছে।

************************************************************************

পয়লা ফেব্রুয়ারি থেকে তামাকজাত পণ্যের উপর অতিরিক্ত শুল্ক প্রযোজ্য হবে। পান মশলার উপর কার্যকর হবে নতুন সেস। কেন্দ্রীয় সরকার এক বিজ্ঞপ্তিতে একথা জানিয়েছে। তামাক এবং পানমশলার উপর নতুন এই শুল্ক, পণ্য ও পরিষেবা কর- জিএসটি হারের অতিরিক্ত এবং বর্তমান কম্পেনসেশন সেসের পরিবর্তে তা কার্যকর হবে।

পয়লা ফেব্রুয়ারি থেকে, পান মশলা, সিগারেট, তামাক জাতীয় পন্যের ওপর ৪০ শতাংশ এবং বিড়ির ওপর ১৮ শতাংশ পণ্য ও পরিষেবা কর জিএসটি ধার্য হবে। এছাড়াও পান মশলার ওপর স্বাস্থ্য ও জাতীয় সুরক্ষা সেস, এবং তামাক ও এই জাতীয় পণ্যের উপর অতিরিক্ত শুল্ক প্রযোজ্য হবে। উল্লেখ্য, গত ডিসেম্বর মাসে এসংক্রান্ত দুটি বিল অনুমোদন করে সংসদ।

************************************************************************

আজকের প্রসঙ্গ অনুষ্ঠানে আজ শুনবেন বিশেষ আলোচনা অটল ভারত: নিরাপত্তা জোরদার করার লক্ষ্যে একটি বছর। আইনজীবী দেবজিত সরকারের সঙ্গে কথা বলেছেন কল্যাণ লাহা। আকাশবাণী সংবাদ প্রযোজিত অনুষ্ঠানটি শুনবেন আজ রাত ৮ টায় গীতাঞ্জলি, DTH বাংলা এবং আকাশবাণী সংবাদ সোশ্যাল মিডিয়া প্লাটফর্মে।

************************************************************************

নানা অনুষ্ঠান ও আনন্দ উৎসবের মধ্য দিয়ে চলছে ২০২৬ সালকে স্বাগত জানানোর পালা। রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু, উপরাষ্ট্রপতি সি পি রাধাকৃষ্ণান এবং প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী সকলকে ইংরেজি নববর্ষের শুভেচ্ছা জানিয়েছেন। এক বার্তায় রাষ্ট্রপতি বলেছেন, নতুন বছর সকলের মধ্যে শক্তি ও ইতিবাচক পরিবর্তন আনবে। ২০২৬ সাল সমৃদ্ধ ভারতের নির্মাণে নতুন উদ্যমের সঞ্চার করবে বলে তিনি আশা প্রকাশ করেছেন।

উপরাষ্ট্রপতি বলেছেন, শক্তিশালী ও উন্নত ভারত গঠনে সকলের সম্মিলিত প্রচেষ্টাকে নতুন মাত্রা দেবে এই বছর। প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি আজ নতুন বছরে সকলের সুস্বাস্থ্য কামনা করেছেন।

*********************************************************************

লোকসভার অধ্যক্ষ ওম বিড়লা আজ নববর্ষ উপলক্ষে শুভেচ্ছা জানিয়েছেন। নিজের সোশ্যাল মিডিয়া পোস্টে একটি ভিডিও বার্তা শেয়ার করে তিনি নতুন বছর সকলের জীবনে নতুন স্বপ্ন, নতুন উদ্যম, নতুন সুযোগ এবং অফুরন্ত সমৃদ্ধি নিয়ে আসবে বলে আশা প্রকাশ করেছেন।

*********************************************************************

প্রতিরক্ষামন্ত্রী রাজনাথ সিং আজ প্রতিরক্ষা গবেষণা ও উন্নয়ন সংস্থা দিবস উপলক্ষে ডিআরডিও-র বিজ্ঞানী, কর্মী এবং তাদের পরিবারের সদস্যদের শুভেচ্ছা জানিয়েছেন। এক সোশ্যাল মিডিয়া পোস্টে শ্রী সিং ডিআরডিও-র অবিচল প্রতিশ্রুতি, বৈজ্ঞানিক উৎকর্ষ এবং জাতীয় কর্তব্যের প্রতি দৃঢ় চেতনার প্রশংসা করে বলেছেন যে, এই গুণাবলী দেশের প্রতিরক্ষা প্রস্তুতিকে শক্তিশালী করতে এবং প্রতিরক্ষা ক্ষেত্রে ভারতের আত্মনির্ভরতাকে এগিয়ে নিয়ে যাওয়ার জন্য অত্যন্ত গুরুত্বপূর্ণ। প্রতিরক্ষামন্ত্রী বলেন, দেশীয় নকশায়  এবং ভবিষ্যতের উপযোগী প্রযুক্তি বিকাশের মাধ্যমে ডিআরডিও দেশের কৌশলগত ক্ষমতা আরও মজবুত করে সশস্ত্র বাহিনীর আত্মবিশ্বাস বাড়াচ্ছে।

*********************************************************************

'ইউনিফাইড পেমেন্টস ইন্টারফেস' UPI-তে গত মাসে লেনদেনের পরিমাণে বার্ষিক ২৯ শতাংশ বৃদ্ধি পেয়ে ২ হাজার ১৬৩ কোটি টাকায় পৌঁছেছে। ন্যাশনাল পেমেন্টস কর্পোরেশন অফ ইন্ডিয়া (এনপিসিআই) প্রকাশিত এক তথ্য অনুসারে, লেনদেনের মূল্য বার্ষিক ২০ শতাংশ বৃদ্ধি পেয়ে প্রায় ২৮ লক্ষ কোটি টাকায় পৌঁছেছে।

অন্যদিকে, ইনস্ট্যান্ট পেমেন্ট সার্ভিস (আইএমপিএস)-এ ডিসেম্বরে লেনদেনের পরিমাণ বার্ষিক ১০ শতাংশ বেড়ে ৬ লক্ষ ৬২ হাজার কোটি টাকা হয়েছে। নভেম্বরে যা ছিল ৬ লক্ষ ১৫ হাজার কোটি টাকা।

*********************************************************************

দেশে ক্ষুদ্র সঞ্চয় প্রকল্পগুলির সুদের হার অপরিবর্তিত রাখার সিদ্ধান্ত নিয়েছে কেন্দ্রীয় সরকার। চলতি আর্থিক বছরে চতুর্থ ত্রৈমাসিকে আজ থেকে ৩১ শে মার্চ ২০২৬ পর্যন্ত সুদের হার অপরিবর্তিত থাকবে। অর্থমন্ত্রকের বাজেট ডিভিশনের, অর্থনীতি বিষয়ক দপ্তরের তরফে গতকাল এই মর্মে এক বিজ্ঞপ্তি জারি করা হয়েছে।

*********************************************************************

পার্থ বিমানবন্দরের কাছে ভয়াবহ দাবানলের জেরে অস্ট্রেলীয় কর্তৃপক্ষ জরুরি সতর্কতা জারি করেছে। ফায়ার অ্যান্ড ইমার্জেন্সি সার্ভিসেস ডিপার্টমেন্ট ডিএফইএস জানিয়েছে যে দাবানল উত্তর দিকে ধেয়ে চলেছে। পার্থের কেন্দ্র থেকে ১৫ কিলোমিটার পূর্বে এবং শহরের আন্তর্জাতিক বিমানবন্দর থেকে ৫ কিলোমিটার দূরে অবস্থিত কালামুন্ডা অঞ্চলের  বাসিন্দাদের অবিলম্বে এলাকা ছাড়ার পরামর্শ দেওয়া হয়েছে। ডিএফইএস যারা এলাকা ছাড়তে পারছে না তাদের নিজেদের বাড়িতে জলের সরবরাহ এবং বেরোবার রাস্তা আছে এমন একটি ঘরে আশ্রয় নিতে বলেছে। কালামুন্ডা এবং এর পার্শ্ববর্তী ক্ষতিগ্রস্ত উপশহর মেইডা ভেল ও ফরেস্টফিল্ডের সম্মিলিত জনসংখ্যা প্রায় ২৫ হাজার।

*******************************************************************

ভারতীয় আবহাওয়া দপ্তর আজ হরিয়ানা, দিল্লি, পাঞ্জাব এবং বিহারের বেশ কিছু স্থানে শীতের পূর্বাভাস দিয়েছে। হিমাচল প্রদেশের বেশ কিছু জায়গায় শৈত্যপ্রবাহের পূর্বাভাস দিয়েছে। পূর্ব উত্তরপ্রদেশ, হরিয়ানা, ওড়িশা, পাঞ্জাব এবং পশ্চিম রাজস্থানে ঘন থেকে অতি ঘন কুয়াশা থাকার সভাবনা।

এদিকে, জাতীয় রাজধানী অঞ্চল দিল্লিতে বাতাসের গুনমান অতি খারাপ পর্যায়ে রয়েছে। কেন্দ্রীয় দূষণ নিয়ন্ত্রণ পর্ষদের তথ্য অনুযায়ী, আজ সকাল ৭টায় বাতাসের গড় গুণমান সূচক-AQI রেকর্ড করা হয়েছে ৩৭২।

*******************************************************************